ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৭৪
আগরতলা, ৬ মে, ২০২৫

**আগামীকাল রাজ্যে সিভিল ডিফেন্স**
**মক ড্রিল অনুষ্ঠিত হবে ঃ রাজস্ব সচিব**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশ অনুসারে আগামীকাল রাজ্যে সিভিল ডিফেন্স মক ড্রিল অনুষ্ঠিত হবে। রাজ্যের ৮ জেলায় এই মহড়া অনুষ্ঠিত হবে। সিভিল ডিফেন্স ভলান্টিয়ার, ছাত্রছাত্রীরা এতে অংশ নেবেন। জেলা দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তর এবং জেলা সিভিল ডিফেন্স ক্রপস এই মহড়া পরিচালনার দায়িত্বে থাকবে। এই মহড়ার মুখ্য উদ্দেশ্য হল জরুরী এবং দুর্যোগ পরিস্থিতিতে নিজেদের সচেতন এবং সুরক্ষিত রাখার উপর গুরুত্ব দেওয়া। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে এই সংবাদ জানান। তিনি জানান, দেশে সিভিল ডিফেন্স গঠনের মুখ্য উদ্দেশ্য হচ্ছে প্রতিকুল পরিস্থিতিতে নাগরিকদের জীবন, সম্পত্তি রক্ষা এবং নিরাপত্তা সুনিশ্চিত করা। তিনি জানান, আপৎকালীন পরিস্থিতিতে প্রশাসনের প্রস্তুতি, তৎপরতা এবং বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় প্রভৃতি বিষয়গুলি এই মহড়ায় মূল্যায়ন করা হবে। এছাড়াও বিপর্যয় মোকাবিলায় প্রশাসনের ব্যবস্থাপনা, উদ্ধার কার্য, জরুরী স্বাস্থ্য পরিষেবা, সরকারি বিভিন্ন পরিসেবা ভেঙে পড়লে তার পুনরুদ্ধারের উপায় ইত্যাদি বিষয়গুলি যাচাই করা হবে। এক্ষেত্রে রাজস্ব সচিব জনসাধারণকে অহেতুক আতঙ্কিত না হওয়ার জন্য আহ্বান জানিয়েছেন। তিনি জানান, এটি মূলত নিয়মমাফিক একটি অনুশীলন।

সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশসক ডাঃ বিশাল কুমার জানান, পশ্চিম ত্রিপুরা জেলার মহড়াটি আগরতলার উমাকান্ত ময়দানে অনুষ্ঠিত হবে। বিকাল ৩.৩০ মিনিটে থেকে এই মহড়া শুরু হবে এবং সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে। বিকাল ৪টায় এবং ৫.৩০ মিনিটে সাইরেন বাজানো হবে। সিভিল ডিফেন্স ভলানটিয়ার, আপদামিত্র, এনসিসি ক্যাডেট, টিএসআর জওয়ান, হোম গার্ড, অগ্নিনির্বাপক, মেডিক্যাল টিম, এই মহড়ায় অংশ নেবেন। আইজিএম হাসপাতাল, জিবি হাসপাতাল এবং ফায়ার ব্রিগেড চৌমুনীস্থিত ফায়ার স্টেশনকে এই মহড়ায় কাজে লাগানো হবে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন, সিভিল ডিফেন্স দপ্তরের অধিকর্তা জে বি দোয়াতি, রাজ্য দুর্যোগ মোকাবিলা দপ্তরের প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস।

******